গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫, কলেজ রোড, ঢাকা- ১০০০।

বিজ্ঞপ্তি

নং-১০.০৩.০০০০.০০৩.৩২.০০৪.১৮-৭৬ তারিখ ঃ ২৫/১০/২০১৮ খ্রিঃ

বিষয় ঃ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্টেটগণের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০১৮ প্রসংগে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০১৮ এর লিখিত পরীক্ষার **সম্ভাব্য তারিখ আগামী ০৩ ও ০৪ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ এবং এই তারিখ পরিবর্তনযোগ্য। উক্ত পরীক্ষা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।** শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ 'শিক্ষানবিস সহকারী জজগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮' এর সিলেবাস অনুসারে বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

২। পরীক্ষার আবেদনপত্র ও প্রবেশপত্র ফরমসমূহ, সিলেবাস সংক্রান্ত প্রজ্ঞাপনের কপি, পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু কর্মকর্তাগণের করণীয় সম্পর্কে কমিশনের নির্দেশাবলি সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে বিতরণের জন্য কমিশন সচিবালয় থেকে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সকল জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ এবং অন্যান্য দপ্তরের প্রধানগণের নিকট এই বিজ্ঞপ্তির সাথে প্রেরণ করা হয়েছে। নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ এই বিজ্ঞপ্তির কপিসহ সিলেবাস সংক্রান্ত প্রজ্ঞাপনের কপি, আবেদনপত্র ফরম, প্রবেশপত্র ফরম ও কমিশনের নির্দেশাবলি সংক্রান্ত কাগজপত্রাদি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু কর্মকর্তাদের মাঝে ফটোকপি করে বিতরণ করবেন। পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু কর্মকর্তাগণ নিজ নিজ উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করেও উক্ত ফরমসমূহ ও কমিশনের নির্দেশাবলি সংগ্রহ করতে পারবেন।

৩। তবে অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীগণকে পরীক্ষার বিজ্ঞপ্তি, আবেদনপত্র ও প্রবেশপত্র ফরম এবং পরীক্ষা সংক্রান্ত কমিশনের নির্দেশাবলি কমিশনের অফিসিয়াল ওয়েবসাইট হতে ডাউনলোড করে ব্যবহার করতে উৎসাহিত করা হচ্ছে। ওয়েব সাইটের ঠিকানা ঃ- www.bjsc.gov.bd

৪। বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু কর্মকর্তাগণকে নিম্নবর্ণিত পদ্ধতি অনুযায়ী আবেদন করতে হবে ঃ—

(ক) কমিশন সচিবালয় কর্তৃক প্রেরিত/ডাউনলোডকৃত নির্ধারিত আবেদনপত্র এবং প্রবেশপত্র ফরমে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক ফরমটি পূরণ করতে হবে;

(খ) পরীক্ষার আবেদনপত্র ও প্রবেশপত্রের যথাস্থানে অবশ্যই পরীক্ষার্থী কর্মকর্তা এবং ক্ষেত্রমতো জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষরসহ সিলমোহর থাকতে হবে;

(গ) পরীক্ষার্থী কর্মকর্তাগণ আবেদনপত্র ফরম ও প্রবেশপত্র ফরম প্রাপ্তির পর সেগুলোতে সংশ্লিষ্ট তথ্যাদি সন্নিবেশ করতঃ যথাস্থানে জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর/প্রতিস্বাক্ষর ও সিলমোহর গ্রহণ করে (দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার করণীয় সম্পর্কে কমিশনের নির্দেশাবলি পৃথকভাবে প্রেরণ করা হয়েছে) উভয় ফরম নিজ হেফাজতে নিবেন এবং দফা (ঘ) এর বর্ণনা অনুসারে পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন;

(ঘ) আবেদনপত্র ও প্রবেশপত্রের নির্ধারিত স্থানে জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর/প্রতিস্বাক্ষর ও সিলমোহর প্রদানের পর পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু কর্মকর্তা সেগুলো নিজ হেফাজতে নিয়ে ফরোয়ার্ডিং পত্রের মাধ্যমে 'সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০' ঠিকানায় সরাসরি বা ডাক/কুরিয়ার যোগে প্রেরণ করবেন।

৫। আবেদনপত্র ও প্রবেশপত্রের ফরম যথাযথভাবে পূরণ করে আগামী **১৫/১১/২০১৮ খ্রিঃ** তারিখের মধ্যে অবশ্যই কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রের ভিত্তিতে কোন অবস্থাতেই আবেদনকারীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।

৬। কমিশন কর্তৃক যে সকল কর্মকর্তাগণের আবেদনপত্রসমূহ বৈধ গণ্য হবে, শুধুমাত্র সে সকল কর্মকর্তাদের নামের তালিকা আগামী ২০/১১/২০১৮ খ্রিঃ তারিখে কমিশন ওয়েবসাইটে প্রকাশ করা হবে। বৈধ প্রার্থীগণের প্রবেশপত্র পরীক্ষা শুরুর পূর্বে পরীক্ষা কেন্দ্রে বিতরণ করা হবে। প্রবেশপত্রধারী কর্মকর্তারাই কেবল পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বিবেচিত হবেন।

(শরীফ এ এম রেজা জাকের)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন-৯৫৭১০৭৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০।

নং-১০.০৩.০০০০.০০৩.৩২.০০৪.১৮-৭৭ তারিখ ঃ ২৫/১০/২০১৮ খ্রিঃ

বিষয় ঃ **দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০১৮ এর বিজ্ঞপ্তি এবং উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণের জন্য প্রযোজ্য আবেদনপত্রসহ প্রবেশপত্র ফরম ও সিলেবাস সংক্রান্ত প্রজ্ঞাপনের কপি এবং কমিশনের নির্দেশাবলি প্রেরণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণের ২০১৮ সনের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার **সম্ভাব্য তারিখ আগামী ০৩ ও ০৪ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ এবং এ তারিখ পরিবর্তনযোগ্য। উক্ত পরীক্ষা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।** শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ 'শিক্ষানবিস সহকারী জজগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮' এর বিধান অনুযায়ী বিভাগীয় পরীক্ষায় অবতীর্ণ হবেন। উক্ত পরীক্ষার বৈধ প্রার্থীগণের তালিকা ২০/১১/২০১৮ খ্রিঃ তারিখে কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

২। দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০১৮ এর বিজ্ঞপ্তি এবং শিক্ষানবিস সহকারী জজগণের জন্য প্রযোজ্য পরীক্ষার নির্ধারিত আবেদনপত্র ফরম ও প্রবেশপত্র ফরম ও সিলেবাস সংক্রান্ত প্রজ্ঞাপনের কপি এবং কমিশনের নির্দেশাবলি এতদ্‌সংগে প্রেরণ করা হলো। এগুলোর প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি করিয়ে আপনার জজশীপ/ম্যাজিস্ট্রেসী/দপ্তরে কর্মরত বর্ণিত বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণের মধ্যে অবশ্যই সত্ত্বর বিতরণ করতে হবে।

৩। অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীগণ পরীক্ষার বিজ্ঞপ্তি, আবেদনপত্র ফরম ও প্রবেশপত্র ফরম এবং পরীক্ষা সংক্রান্ত কমিশনের নির্দেশাবলি কমিশনের অফিসিয়াল ওয়েব সাইট (www.bjsc.gov.bd) হতে ডাউনলোড করে ব্যবহার করতে পারবেন। বৈধ প্রার্থীগণের প্রবেশপত্র পরীক্ষা শুরুর পূর্বে পরীক্ষা কেন্দ্রে বিতরণ করা হবে।

৪। সংশ্লিষ্ট পরীক্ষার্থী কর্মকর্তাগণ বরাবর উক্ত কাগজাদি বিতরণ করতঃ পরীক্ষার বিজ্ঞপ্তিতে এবং কমিশনের নির্দেশাবলিতে উল্লিখিত নিয়মাবলি অনুসরণ করে পূরণকৃত আবেদনপত্র ফরম ও প্রবেশপত্র ফরম আগামী ১৫/১১/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে যথানিয়মে 'সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০' এই ঠিকানায় সরাসরি বা ডাক/কুরিয়ার যোগে প্রেরণ করার জন্য উক্ত কর্মকর্তাদেরকে নির্দেশ প্রদান করতে আপনাকে অনুরোধ করা হলো।

(শরীফ এ এম রেজা জাকের)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন-৯৫৭১০৭৮

সংযুক্তি ঃ
১। বিভাগীয় পরীক্ষার বিজ্ঞপ্তি;
২। আবেদনপত্র ফরম;
৩। প্রবেশপত্র ফরম;
৪। পরীক্ষার্থী কর্মকর্তাদের জন্য কমিশনের নির্দেশাবলি;
৫। নিয়ন্ত্রণকারী কর্মকর্তাদের জন্য কমিশনের নির্দেশাবলি;
৬। বিভাগীয় পরীক্ষার সংশোধিত সিলেবাসের প্রজ্ঞাপনের কপি।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মাননীয় রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
৩। বিজ্ঞ জেলা জজ ....
৪। বিজ্ঞ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ....
৫। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা;
৬। সচিব, আইন কমিশন, ঢাকা;
৭। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা;
৮। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা;
৯। সদস্য, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১/২/৩ ঢাকা;
১০। চেয়ারম্যান, কোর্ট অব সেটেলমেন্ট-১/২ ঢাকা;
১১। সচিব, পার্বত্য ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি;
১২। অফিস কপি/গার্ড ফাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫, কলেজ রোড, ঢাকা- ১০০০।

এই ঘরে এক কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগিয়ে ছবির উপরে সত্যায়ন করতে হবে।

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের শিক্ষানবিস সহকারী জজগণের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার আবেদনপত্র

দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০১৮

১। (ক) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু কর্মকর্তার নাম ঃ ... ...

(খ) পরীক্ষার্থী কর্মকর্তার মোবাইল/টেলিফোন নম্বর ঃ ... ...

(গ) পদবী ও বর্তমান কর্মস্থল ঃ ... ...
(প্রেষণে কর্মরত থাকলে বর্তমান পদবীর পাশে ব্র্যাকেটে সার্ভিস পদ উল্লেখ করতে হবে)

২। জ্যেষ্ঠতা তালিকায় ক্রমিক নং ঃ ... ...
(যদি না থাকে সেক্ষেত্রে বিজেএস ব্যাচ ও নিয়োগপত্রের মেধাক্রম উল্লেখ করতে হবে)

৩। জুডিসিয়াল সার্ভিসে যোগদানের তারিখ ঃ ... ...

৪। (ক) পূর্ববর্তী কোন বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে খ্রিস্টাব্দসহ পরীক্ষার নাম ঃ ... ...

(খ) আগে যে সকল পত্রে পরীক্ষার্থী কৃতকার্য হয়েছেন, সেই সকল পত্রের নাম ঃ ... ...

৫। বর্তমান পরীক্ষায় যে সকল পত্রে পরীক্ষার্থী অংশগ্রহণে ইচ্ছুক তার নাম ঃ ... ...

৬। অত্র আবেদনপত্র কমিশন সচিবালয়ে প্রেরণের তারিখ ঃ ... ...
(পোষ্টাল রশিদের কপি সংযুক্ত করতে হবে)

জেলা জজ/নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রতিস্বাক্ষর ও সিলমোহর

পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু কর্মকর্তার স্বাক্ষর ও সিলমোহর

বিঃ দ্রঃ- কোন প্রকার ভুল বা ত্রুটিপূর্ণ তথ্যের জন্য আবেদনপত্র বাতিল গণ্য হবে এবং আবেদনকারী পরীক্ষায় অংশ নিতে পারবেন না।

কমিশন সচিবালয় কর্তৃক পূরণীয় ঃ

প্রাপ্তি নম্বর ঃ	তারিখ ঃ ... ...
আবেদনপত্র বৈধ গণ্য হলে ক্রমিক নম্বর ঃ	পরীক্ষার্থীর রোল নম্বর ঃ ... ...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০।

শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০১৮

প্রবেশপত্র

নীচের বক্সের তথ্য কমিশন সচিবালয় কর্তৃক পূরণীয় ঃ

পরীক্ষার্থীর রোল নং ঃ ... ...পরীক্ষার পত্র ঃ ... ...

পরীক্ষা কেন্দ্রের নাম ও ঠিকানা ঃ **বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০**

পরীক্ষার্থী কর্মকর্তার নাম ঃ ... ...

পদবী ঃ ... ... স্বাক্ষর ঃ ... ...

বর্তমান কর্মস্থল ঃ ... ...
... ...

দ্রষ্টব্য-১ ঃ—পরীক্ষার্থী কর্মকর্তা কর্তৃক অপর পৃষ্ঠায় মুদ্রিত নির্দেশনা সমূহসহ পরীক্ষা কেন্দ্রে কর্তব্যরত প্রধান পরিদর্শকের প্রদত্ত তাৎক্ষণিক নির্দেশাবলি পালন করা বাধ্যতামূলক।

দ্রষ্টব্য-২ ঃ—পরীক্ষার প্রত্যেক পত্রে সকল প্রশ্নের উত্তর বাংলা অথবা ইংরেজি, যে কোন একটি ভাষায় লেখা যাবে। একই পত্রে কোন কোন প্রশ্নের উত্তর ইংরেজিতে এবং কোন কোন প্রশ্নের উত্তর বাংলায় প্রদান করা হলে সম্পূর্ণ উত্তরপত্র বাতিল হবে।

এ ঘরে এক কপি পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে লাগিয়ে ছবির উপরে সত্যায়ন করতে হবে।

জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর

নিচের অংশ কমিশন সচিবালয় কর্তৃক পূরণীয়

উল্লিখিত কর্মকর্তাকে দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০১৮ এ অংশগ্রহণের অনুমতি প্রদান করা হলো।

প্রতিস্বাক্ষরিত

পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়

সচিব
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়

পরীক্ষার্থীগণের প্রতি জরুরি নির্দেশনা সমূহ

০১। এই প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। কাজেই প্রবেশপত্রটি সংগে নিয়ে পরীক্ষার্থীকে পরীক্ষা হলে আসতে হবে।

০২। পরীক্ষার হলে পরীক্ষার্থীকে সরবরাহকৃত উত্তরপত্র এবং অতিরিক্ত খাতার পৃষ্ঠা সংখ্যা যথাক্রমে ২০ (বিশ) এবং ০৮ (আট)। উত্তরপত্রে কিছু লেখার পূর্বেই পৃষ্ঠা সংখ্যা এবং ব্যবহার যোগ্যতা পরীক্ষা করা কর্তব্য, পৃষ্ঠা কম-বেশী হলে খাতা পাল্টে নিতে হবে ও কোনো পৃষ্ঠা ব্যবহারের অনুপযোগী হলে কোণাকুণি ক্রস (×) লাইন টেনে উক্ত পৃষ্ঠাটি বাতিল করতে হবে। উল্লেখ্য যে, পরীক্ষায় লেখার কাজে উত্তরপত্রে নীল/কালো কালির ঝরনা কলম বা বল পয়েন্ট কলম ব্যবহার করা যাবে।

০৩। পুস্তকসহ পরীক্ষার দিন মূল আইন (Bare Act) এবং সরকার কর্তৃক অনুমোদিত পুস্তক ব্যতীত পরীক্ষা কক্ষে অন্য কোনো বই/পুস্তক, কাগজপত্র, নোট ইত্যাদি আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

০৪। উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক সংখ্যা লিখে তার নিচে উক্ত প্রশ্নের উত্তর লিখতে হবে এবং প্রত্যেক প্রশ্নের উত্তরের শেষে একটি রেখা টেনে কিছু জায়গা ফাঁকা রেখে অন্য প্রশ্নের উত্তর শুরু করতে হবে।

০৫। খসড়া কাজের (Rough Work) প্রয়োজন হলে তার জন্য উত্তরপত্রের বাম দিকের পৃষ্ঠা ব্যবহার করতে হবে। এ নিয়ম ভঙ্গ করলে উত্তরপত্রটি অবশ্যই বাতিল করা হবে।

০৬। উত্তরপত্রের প্রথম পৃষ্ঠার নির্দিষ্ট স্থান ছাড়া অন্য পৃষ্ঠার কোথাও নিজের নাম বা রোল নম্বর লেখা নিষিদ্ধ। এ নিয়ম ভঙ্গ করলে উত্তরপত্রটি অবশ্যই বাতিল করা হবে।

০৭। পরীক্ষা হলে প্রত্যেক দিনের পরীক্ষা সংক্রান্ত হাজিরা, উত্তরপত্র ইত্যাদিতে পরীক্ষার্থীর স্বাক্ষরের ধরণ ও রীতি পরীক্ষার আবেদনপত্রে প্রদত্ত স্বাক্ষরের অনুরূপ হওয়া বাঞ্ছনীয়।

০৮। পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পরে কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ, প্রশ্নপত্র বিতরণের এক ঘণ্টা অতিক্রমের পূর্বে উত্তরপত্র জমা দেওয়া বা কোনো কারণে পরীক্ষা কক্ষের বাইরে যেতে অনুমতি দেওয়া হবে না। তবে পরীক্ষা শুরু হওয়ার এক ঘণ্টার মধ্যে কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করার ইচ্ছা পোষণ করলে উত্তরপত্র পরিদর্শকের নিকট জমা দিয়ে চলে যেতে পারবেন।

০৯। পরীক্ষায় কোনো প্রশ্নোত্তরে কোনো পরীক্ষার্থী গ্রাফপেপার বা পৃথক কাগজে অঙ্কিত কোনো কিছু ব্যবহার করলে তা উত্তরপত্রের সাথে দৃঢ়ভাবে সংযুক্ত করে দিতে হবে। পরীক্ষার্থী কর্তৃক এগুলোর কোনোটিতে নিজের নাম বা রোল নম্বর লেখা যাবে না।

১০। পরীক্ষার্থী কর্তৃক মোবাইল ফোন সংগে নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না এবং পরীক্ষা শুরু হতে শেষ পর্যন্ত পরীক্ষা হলের পরিবেশ ও আইন-শৃঙ্খলা বিঘ্নিত হয়, এমন কোনো কিছু করা থেকে পরীক্ষার্থীকে বিরত থাকতে হবে।

১১। পরীক্ষা শেষ হবার ১০ মিনিট পূর্বে একটি সতর্কীকরণ ঘণ্টা বাজানো হবে এবং তারপর পরীক্ষা শেষের ঘণ্টা বাজানোর সাথে সাথেই লেখা বন্ধ করে উত্তরপত্র কর্তব্যরত পরিদর্শকের নিকট হস্তান্তর করতে হবে।

১২। কোনো পরীক্ষার্থী উল্লিখিত নিয়মাবলি ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে অশোভন বা আপত্তিজনক আচরণ করলে পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। কোনো পরীক্ষার্থী কর্তৃক উপরিউক্ত কোনো নির্দেশ অমান্য করার জন্য পরীক্ষা কেন্দ্রের প্রধান পরিদর্শক প্রয়োজন মনে করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র হতে বহিস্কার করতে এবং পরবর্তী বিধিগত ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনের নিকট বিবরণ পাঠাতে পারবেন।

পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫, কলেজ রোড, ঢাকা-১০০০।

দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০১৮ এ অংশগ্রহণেচ্ছু শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ সমপর্যায়ের কর্মকর্তাগণের করণীয় সম্পর্কে

কমিশনের নির্দেশাবলি

১। কমিশন সচিবালয় হতে প্রাপ্ত পরীক্ষার বিজ্ঞপ্তি, আবেদনপত্র ফরম, প্রবেশপত্র ফরম ও নির্দেশাবলি জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ ফটোকপি করিয়ে বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণের মধ্যে বিলি করবেন। এছাড়া, অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীগণ কমিশন সচিবালয়ের ওয়েব সাইট (www.bjsc.gov.bd) হতে পরীক্ষার বিজ্ঞপ্তি, আবেদনপত্র ও প্রবেশপত্র ফরম ডাউনলোডক্রমে ব্যবহার করতে পারবেন। পরীক্ষার্থী কর্মকর্তাগণ আবেদনপত্র ফরম এবং প্রবেশপত্র ফরমে প্রয়োজনীয় তথ্যাদি সন্নিবেশসহ যথাস্থানে স্বাক্ষর ও সিলমোহর প্রদান করে উভয় ফরমে জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর/প্রতিস্বাক্ষর ও সিলমোহর গ্রহণের জন্য সরাসরি (হাতে হাতে) তাঁর নিকট উপস্থাপন করবেন।

২। জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক পরীক্ষার আবেদনপত্র ফরম ও প্রবেশপত্র ফরমে স্বাক্ষর/প্রতিস্বাক্ষর ও সিলমোহর প্রদানের পর শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ উক্ত ফরম দুইটি স্বীয় তত্ত্বাবধানে নিয়ে নিজেই একটি অগ্রবর্তীকরণ পত্রের মাধ্যমে ১৫/১১/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে 'সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০' ঠিকানায় প্রেরণ করবেন।

৩। শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণের আবেদনপত্র ও প্রবেশপত্র ফরমসমূহ কমিশন সচিবালয় কর্তৃক যাচাই-বাছাই করার পর বৈধ আবেদনকারীদের নামে ইস্যুকৃত প্রবেশপত্র পরীক্ষা কেন্দ্রে বিতরণ করা হবে। বৈধ প্রার্থীগণের তালিকা ও প্রবেশ পত্র সম্পর্কিত তথ্যাদি আগামী ২০/১১/২০১৮ খ্রিঃ তারিখে কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। ডাকযোগে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।

৪। অতঃপর শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ পরীক্ষার রুটিনে বর্ণিত তারিখ ও সময়ে পরীক্ষায় অংশগ্রহণের জন্য জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট থেকে কর্মস্থল ত্যাগের অনুমতি গ্রহণপূর্বক নির্দিষ্ট কেন্দ্রে উপস্থিত হয়ে পরীক্ষায় অংশ নিবেন। উল্লেখ্য যে, শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণের বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণের সময় তাদের কর্তব্যকাল হিসাবে গণ্য হবে।

৫। শিক্ষানবিস সহকারী জজগণের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০১৮ এর পুস্তকসহ পরীক্ষা দুইটি গ্রহণের জন্য আবশ্যকীয় পর্যাপ্ত সংখ্যক আইনের বই অত্র প্রতিষ্ঠানের সংগ্রহে নেই। তাই কমিশন সচিবালয় কর্তৃক আপাততঃ কোনো পুস্তক উক্ত পরীক্ষায় ব্যবহারের জন্য পরীক্ষার্থীদের সরবরাহ করা সম্ভব হবে না। এমতাবস্থায়, পরীক্ষার্থীগণকে পুস্তকসহ পরীক্ষায় ব্যবহারের নিমিত্ত প্রয়োজনীয় পুস্তক (কেবল মাত্র মূল আইন/বিধিমালা/সার্কুলার ইত্যাদি) সঙ্গে আনার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৬। বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণের উদ্দেশ্যে সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ ঢাকায় অবস্থানের জন্য নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করবেন।

(শরীফ এ এম রেজা জাকের)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন-৯৫৭১০৭৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
১৫, কলেজ রোড, ঢাকা- ১০০০।

শিক্ষানবিস সহকারী জজগণের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০১৮ সম্পর্কে জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/নিয়ন্ত্রণকারী কর্মকর্তাদের করণীয় সম্পর্কে

কমিশনের নির্দেশাবলি

১। কমিশন সচিবালয় হতে প্রেরিত শিক্ষানবিস সহকারী জজগণের দ্বিতীয় অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ২০১৮ এর বিজ্ঞপ্তি, পরীক্ষার আবেদনপত্র ফরম ও প্রবেশপত্র ফরম এবং পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু কর্মকর্তাদের করণীয় সম্পর্কে কমিশনের নির্দেশাবলি পাওয়া মাত্র সবগুলোর প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি করিয়ে অধীনস্থ সকল শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটদের নিকট বিলি করতে হবে। এছাড়া অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীগণ কমিশন সচিবালয়ের ওয়েব সাইট (www.bjsc.gov.bd) হতে পরীক্ষার বিজ্ঞপ্তি, আবেদনপত্র ও প্রবেশপত্র ফরম ডাউন লোডক্রমে ব্যবহার করতে পারবেন।

২। শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ আবেদনপত্র ফরম ও প্রবেশপত্র ফরম প্রাপ্তির পর সেগুলোতে প্রয়োজনীয় তথ্যাদি সন্নিবেশপূর্বক পূরণ ও প্রবেশপত্র ফরমে স্বাক্ষর (সিলমোহরসহ) প্রদানের পর সেগুলো যেন জেলা জজ/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষরের জন্য তাঁদের নিকট হাতে হাতে উপস্থাপন করে, সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে মৌখিকভাবে নির্দেশনা দিতে হবে। শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ পরীক্ষার আবেদনপত্র ফরম ও প্রবেশপত্র ফরম উপস্থাপন করলে সেগুলোতে প্রযোজ্য স্থানে স্বাক্ষর/প্রতিস্বাক্ষর ও সীলমোহর প্রদানের পর দাপ্তরিক আনুষ্ঠানিকতা পরিহার করতঃ সংগে সংগে সংশ্লিষ্ট সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে ফেরত দিতে হবে।

৩। শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটদের পরীক্ষার আবেদনপত্র ও প্রবেশপত্রে স্বাক্ষর/প্রতিস্বাক্ষর প্রদান করে সেগুলো সংশ্লিষ্ট সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে ফেরত প্রদানপূর্বক উক্ত আবেদনপত্র ও প্রবেশপত্র উভয়টি নির্ধারিত তারিখের মধ্যে কমিশন সচিবালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য তাদেরকে পরামর্শ দিতে হবে।

৪। অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণ করাকালীন শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ কর্তব্যরত হিসাবে গণ্য হবেন। কাজেই, উক্ত পরীক্ষার তারিখ ও রুটিন অনুসারে যাতে বৈধ আবেদনকারী শিক্ষানবিস সহকারী জজ/জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ পরীক্ষায় অংশ নিতে পারেন, সেজন্য তাদেরকে বিধি মোতাবেক সময় দিয়ে কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করতে হবে।

৫। পরীক্ষার্থীগণের বরাবর ডাকযোগে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না, বিধায় কমিশনের ওয়েবসাইটে আগামী ২০/১১/২০১৮ খ্রিঃ তারিখে প্রকাশিতব্য বৈধ প্রার্থীগণের তালিকা অনুসারে কর্মস্থল ত্যাগের আবেদনসমূহ বিবেচনার অনুরোধ করা হলো।

(শরীফ এ এম রেজা জাকের)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন-৯৫৭১০৭৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৩০ মাঘ ১৪১৫ বঙ্গাব্দ/১২ ফেব্রুয়ারি ২০০৯ খ্রিস্টাব্দ

নং এস. আর. ও ২১-আইন/২০০৯ ঃ—বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭ এর বিধি ৬ এর উপ-বিধি (৪) এর সহিত পঠিতব্য "শিক্ষানবিস সহকারী জজগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮", অতঃপর উক্ত আদেশ হিসাবে উল্লেখিত, এর অনুচ্ছেদ ১৮-তে প্রদত্ত ক্ষমতাবলে উপযুক্ত কর্তৃপক্ষ উক্ত আদেশ-এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উক্ত আদেশ এর—

১। অনুচ্ছেদ ৯ এর উপ-অনুচ্ছেদ (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (১) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(১) বিভাগীয় লিখিত পরীক্ষার নম্বর বন্টন হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক)	প্রথম পত্র	সংবিধান, অধঃস্তন আদালতের গঠন, এখতিয়ার ও কার্যপদ্ধতি	১০০ নম্বর
(খ)	দ্বিতীয় পত্র	পারিবারিক আইন	১০০ নম্বর
(গ)	তৃতীয় পত্র	গুরুত্বপূর্ণ দেওয়ানী ও ফৌজদারী আইন	১০০ নম্বর
(ঘ)	চতুর্থ পত্র	দাপ্তরিক কার্য পদ্ধতি এবং চাকুরী সংক্রান্ত আইন	১০০ নম্বর।"

২। তফসিল এর পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

তফসিল

[অনুচ্ছেদ ২(খ) দ্রষ্টব্য]

১ম পত্র

সংবিধান, অধঃস্তন আদালতের গঠন, এখতিয়ার ও কার্যপদ্ধতি

(পুস্তক ব্যতীত)
সময়-৩ ঘন্টা
পূর্ণমান-১০০
পাস নম্বর-৬০

১. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান
২. Judecial Officers Protection Act, 1850 (Act XVII of 1850)
৩. Civil Courts Act, 1887 (Act XII of 1887)
৪. Small Cause Courts Act, 1887, (Act IX of 1887)
৫. Code of Criminal Procedure, 1898 (Act V of 1898)
৬. Code of Civil Procedure, 1908 (Act V of 1908)
৭. Contempt of Courts Act, 1926 (Act XII of 1926)
৮. Administrative Tribunals Act, 1980 (Act VII of 1981)
৯. আইন শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন, ২০০২ (২০০২ সনের ১১ নং আইন)

২য় পত্র

পারিবারিক আইন

(পুস্তক ব্যতীত)
সময়-৩ ঘন্টা
পূর্ণমান-১০০
পাস নম্বর-৬০

১. মুসলিম আইন
Inheritance-Wills-Gifts-Wakfs-Preemption-Marriage-Dower-Divorce-Parentage-Legitimacy Acknowledgment-Guardianship of and person and Property-Maintenance.

২. হিন্দু আইন
Inheritance-Marriage-Adoption-Maintenance-Gift-Wills-Stridhan-Religious and Charitable Endowments-Minority and Guardianship.

৩. Hindu Inheritance (Removal of Disabilities) Act, 1928 (Act XII of 1928)
৪. Child Marriage Restrain Act, 1929 (Act XIX of 1929)
৫. Muslim Personal Laws (Shariat) Application Act, 1937 (Act XXVI of 1937)
৬. Dissolution of Muslim Marriages Act, 1939 (Act VIII of 1939)
৭. Muslim Family Laws Ordinance, 1961 (Act VIII of 1961)
৮. Dowry Prohibition Act, 1980 (Act XXXV of 1980)
৯. Family Courts Ordinance, 1985 (Ord. XVIII of 1985)

৩য় পত্র

গুরুত্বপূর্ণ দেওয়ানী ও ফৌজদারী আইন

(পুস্তকসহ)
সময়-৩ ঘন্টা
পূর্ণমান-১০০
পাস নম্বর-৬০

১. Penal Code, 1860 (Act XLV of 1860)
২. Court Fees Act, 1870 (Act VII of 1870)
৩. Evidence Act, 1872 (Act I of 1872)
৪. Specific Relief Act, 1877 (Act I of 1877)
৫. Negotiable Instruments Act, 1881 (Act XXVI of 1881)
৬. Transfer of Property Act, 1882 (Act IV of 1882)
৭. Suits Valuation Act, 1887 (Act VII of 1887)
৮. Registration Act, 1908 (Act XVI of 1908)
৯. Limitation Act, 1908 (Act IX of 1908)
১০. Public Demands Recovery Act, 1913 (Act III of 1913)
১১. Non-Agricultural Tenancy Act, 1949 (Act XIII of 1949)
১২. State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)
১৩. Children Act, 1974 (Act XXXIX of 1974)
১৪. Acquisition and Requisition of Immovable Property Ordinance, 1982 (Ordinance II of 1982)
১৫. বাড়ী ভাড়া নিয়ন্ত্রণ আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৩নং আইন)
১৬. নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (২০০০ সনের ৮নং আইন)
১৭. এসিড অপরাধ দমন আইন, ২০০২ (২০০২ সনের ১নং আইন)
১৮. এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ (২০০২ সনের ২নং আইন)
১৯. অর্থ ঋণ আদালত আইন, ২০০৩ (২০০৩ সনের ৮নং আইন)
২০. গ্রাম আদালত আইন, ২০০৬ (২০০৬ সনের ১৯নং আইন)

৪র্থ পত্র

দাপ্তরিক কার্য পদ্ধতি এবং চাকুরী সংক্রান্ত আইন

(পুস্তকসহ)
সময়-৩ ঘন্টা
পূর্ণমান-১০০
পাস নম্বর-৬০

১. Civil Rules and Orders (Volume-I)
২. Public Servants (Retirement) Act, 1974 (Act XII of 1974)
৩. Public Servants (Retirement) Rules, 1975
৪. Government Servants (Conduct) Rules, 1979
৫. Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এবং চিত্তবিনোদন ছুটি সংক্রান্ত নির্দেশাবলী
৬. Public Employees Discipline (Punctual Attendance) Ordinance, 1982 (Ord. XXXIV of 1982)
৭. সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫
৮. Official Vehicles (Regulation of Use) Ordinance, 1986 (Act VI of 1986)
৯. সরকারী যানবাহন (ব্যবহার নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৮৬
১০. Warrant of Precedence, 1986
১১. Rules of Business, 1996
১২. বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (সার্ভিস গঠন, সার্ভিস পদে নিয়োগ এবং সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ) বিধিমালা, ২০০৭
১৩. বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান এবং চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৭
১৪. শিক্ষানবিস সহকারী জজগণের প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষা আদেশ, ২০০৮
১৫. এস্টাব্লিশমেন্ট ম্যানুয়েল ভলিয়ম-১ এর বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত নিম্নোক্ত বিষয়সমূহ ঃ—

(ক) বার্ষিক গোপনীয় অনুবেদন ফরম পূরণের অনুশাসন;
(খ) চাকুরীর রেকর্ডপত্র (ডোসিয়ার) রক্ষণাবেক্ষণ অনুশাসন।

১৬. এস্টাব্লিশমেন্ট ম্যানুয়েল-১ এর বদলী এবং প্রেষণে নিয়োগ সংক্রান্ত নিম্নোক্ত বিষয়সমূহ ঃ—

(ক) বদলীযোগ্য পদে কর্মরত সরকারী কর্মচারীদের বদলীর নির্দেশাবলী;
(খ) সরকারী কর্মচারীদের প্রেষণে নিয়োগের বিধান ও সুবিধাদির নির্দেশাবলী।

১৭. এস্টাব্লিশমেন্ট ম্যানুয়েল-১ এর বিভিন্ন প্রকার ছুটি সংক্রান্ত নিম্নোক্ত বিষয়সমূহ ঃ—

(ক) বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরীর নির্দেশাবলী;
(খ) মাতৃত্বজনিত ছুটি প্রাপ্যতার নির্দেশাবলী;
(গ) সংগ নিরোধ ছুটি প্রাপ্যতার নির্দেশাবলী;
(গ) নৈমিত্তিক ছুটি মঞ্জুরীর নির্দেশাবলী।

১৮. সাময়িক বরখাস্ত, ছুটি এবং অবসর ছুটিকালীন সময়ে প্রাপ্য সুবিধা সংক্রান্ত সরকারী নির্দেশাবলী
১৯. আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Powers) ও আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ (Sub-Delegation of Financial Powers) সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের বিভিন্ন স্মারক
২০. Bangladesh Service Rules Part I।”

***এই প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যায়,
রবিবার, ফেব্রুয়ারি ২২, ২০০৯ তারিখে ১০৫১-১০৫৬ পৃষ্ঠায় প্রকাশিত হয়েছে।**